আজকের কাগজ

তারিখ ... 14 DEC 1994 ...
পৃষ্ঠা ৫ কলাম ২

01

# মাদ্রাসা বোর্ডের আলিম পরীক্ষার খাতাসহ লক্ষ্মীপুরে দু'জন গ্রেফতার

গত ৮ ডিসেম্বর লক্ষ্মীপুর সদর থানার চররুহিতা এলাকায় চলতি বছরের ২৮ সেপ্টেম্বর লক্ষ্মীপুর কেন্দ্রে অনুষ্ঠিত মাদ্রাসা বোর্ডের আলিম পরীক্ষার বাংলা বিষয়ের ৪টি অতিরিক্ত খাতাসহ ২ জনকে জনতা আটক করেছে। পরে স্থানীয় ইউপি চেয়ারম্যানের সহযোগিতায় তাদেরকে সদর থানায় সোপর্দ করা হয়। আটককৃতরা হচ্ছে-জামালপুর সদর থানার চান্দপুর ও দিগপাইত এলাকার নুরুল ইসলাম (৩৮) ও মজিবর রহমান (৪০) এদের কাছে উক্ত পরীক্ষার লক্ষ্মীপুর কেন্দ্রের প্রায় ৪০ জন পরীক্ষার্থীর রোল নংসহ নাম এবং ঠিকানা পাওয়া গেছে। এছাড়া প্রাপ্ত ৪টি অতিরিক্ত খাতার (নং চ-১০৭২৬৮, চ-১০৭২৭৩, চ-১০৭২৭৫ ও চ-১০৭৩৬৭) মধ্যে ২টিতে ২৬২৫৭ ও ২৬২৫৮ রোল নম্বর রয়েছে। এবং ৪টিতে কক্ষ পরিদর্শকের সাক্ষর রয়েছে। অন্যগুলোতে নেই। তাদের কাছে অতিরিক্ত খাতার সাইজে কয়েকটি

সাদা কাগজও পাওয়া গেছে। প্রত্যক্ষদর্শীরা এ প্রতিনিধিকে জানান, আটককৃতরা উক্ত কেন্দ্রের পরীক্ষার্থীদের উৎকোচের বিনিময়ে পরীক্ষায় পাস করানোর নামে অতিরিক্ত খাতা লিখিয়ে দেয়ার সহায়তার চেষ্টা করে। বেশ কয়েকদিন যাবত তাদেরকে সদর থানার বিভিন্নস্থানে ঘোরাফেরা এবং পরীক্ষার্থীদের তল্লাশি করতে দেখা গেছে।

ধারণা করা হচ্ছে এদের সঙ্গে সংশ্লিষ্ট পরীক্ষকসহ একটি সংঘবদ্ধ দল জড়িত রয়েছে। এ রিপোর্ট লেখা পর্যন্ত আটককৃতদেরকে পুলিশ রিমান্ডে রাখা হয়েছে। লক্ষ্মীপুর থেকে সাইফুল আলম